

# মেয়র আনিসুল হক সড়কের দেয়াল সাজছে বর্ণিল সাজে

✍ নিজস্ব প্রতিবেদক


🕒 প্রকাশিত: ১১:১০ এএম, ১৭ মার্চ ২০১৯

রাজধানীর তেজগাঁও রেলক্রসিং থেকে সাতরাস্তা মোড় পর্যন্ত মেয়র আনিসুল হক সড়কের দুই পাশের দেয়াল হাতে আঁকা চিত্র দিয়ে সাজিয়ে তোলার উদ্যোগ নিয়েছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি)।



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে এ আয়োজন। সেই সঙ্গে পরিচ্ছন্ন ঢাকা বিনির্মাণে সামাজিক সচেতনতা সৃষ্টির প্রয়াস।





বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে রোববার (১৭ মার্চ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বিশেষ পরিচ্ছন্নতা অভিযান ও দেয়ালচিত্র আঁকার এই কর্মসূচি নিয়েছে বলে জানিয়েছেন ডিএনসিসির প্রধান জনসংযোগ কর্মকর্তা এ এস এম মামুন।



রোববার সকালে তেঁজগাঁও স্ট্যান্ড সংলগ্ন মেয়র আনিসুল হক সড়কে গিয়ে দেখা গেছে, সড়কের দুই পাশের দেয়ালে হাতে আঁকা চিত্র দিয়ে সাজিয়ে তোলার কাজ করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ১৮০ জন শিক্ষার্থী। পাশেই চলছে আলোচনা সভার প্রস্তুতিও।





জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

ডিএনসিসি'র এই আলোচনা সভায় মেয়র আতিকুল ইসলামসহ শিক্ষক-শিক্ষার্থী, মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী শিশু, রাজনৈতিক নেতৃবৃন্দ, শ্রমজীবী-সামাজিক-ব্যবসায়িক-পেশাজীবী সংগঠন সদস্যবৃন্দ উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

এএস/এমবিআর/এমএস